গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১৩২.০৬.০০৯.২৩.১৪০

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
০৮ মে ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের জন্য আইন ও বিচার বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কমিটি গঠন।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মুল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২০২৪ এর অনুচ্ছেদ ১.২ অনুযায়ী আইন ও বিচার বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন, ত্রৈমাসিক, অর্ধবার্ষিক ও বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন তৈরি এবং এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় কর্মসম্পাদনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বিষয়ক কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১. | যুগ্মসচিব (বাজেট ও উন্নয়ন) | এপিএ টিম লিডার |
| ২. | উপসচিব (মতামত-৪) | ফোকাল পয়েন্ট |
| ৩. | উপসচিব (প্রশাসন-২) | সদস্য |
| ৪. | উপসচিব (প্রশাসন-১) | সদস্য |
| ৫. | উপসলিসিটর (প্রশাসন) | সদস্য |
| ৬. | উপসচিব ( রেজিস্ট্রেশন) | সদস্য |
| ৭. | উপসচিব (মতামত-১) | সদস্য |
| ৮. | উপসচিব (পরিকল্পনা) | সদস্য |
| ৯. | উপসচিব (বাজেট ) | সদস্য |
| ১০. | বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট-এর ০১ জন প্রতিনিধি | সদস্য |
| ১১ | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা-এর ০১ জন প্রতিনিধি | সদস্য |
| ১২ | নিবন্ধন অধিদপ্তর-এর ০১ জন প্রতিনিধি | সদস্য |
| ১৩. | সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) | সদস্য |
| ১৪. | সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৮) | সদস্য সচিব |

০৩। কমিটির কার্যপরিধি:

(ক) খসড়া এপিএ প্রণয়ন করা ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা;

(খ) প্রতি দুই মাসে একবার এপিএ'র অগ্রগতি পর্যালোচনা করা;

(গ) মন্ত্রণালয়/বিভাগের কার্যক্রম এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের এপিএ কার্যক্রম পরিবীক্ষণ করা;

(ঘ) এপিএ'র সংশোধন (যদি থাকে) প্রস্তাব নির্ধারিত ফরম্যাটে মন্ত্রিপরিষদ বিভাগের নিকট প্রেরণ; প্রতি ত্রৈমাসিকের অগ্রগতি (ঙ) প্রতিবেদন প্রস্তুত এবং উর্ধ্বতন অফিসে প্রেরণ;

(চ) অর্ধবার্ষিক অগ্রগতির প্রমাণক সংরক্ষণ;

(ছ) বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত, প্রমাণকের যথার্থতা যাচাই ও সংরক্ষণ এবং আইন ও বিচার বিভাগের সচিব মহোদয়ের অনুমোদন গ্রহণ করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;

(জ) এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে এপিএ প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করা;

(ঝ) আওতাধীন অফিসের (যদি থাকে) এপিএ চূড়ান্ত করা, এপিএ স্বাক্ষর অনুষ্ঠানের আয়োজন, অর্ধবার্ষিক অগ্রগতির বিষয়ে ফিডব্যাক প্রদান ও চূড়ান্ত মূল্যায়ন করা;

(ঞ) এপিএ সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করা; এবং

(ট) এপিএ ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন।

০৪। এপিএ টিম লিডার এপিএ টিমের সদস্যদের মাধ্যমে এপিএ বাস্তবায়নের বিষয়টি নিয়মিত তদারকি করবেন, এপিএ টিমের সভায় সভাপতিত্ব করবেন, এবং এপিএ'র অগ্রগতি বিষয়ে আইন ও বিচার বিভাগের সচিব মহোদয়কে অবহিত রাখবেন।

০৫। এপিএ ফোকাল পয়েন্ট এপিএ সংশ্লিষ্ট সকল প্রশাসনিক কাজ সম্পাদন করবেন, এপিএএমএস সফটওয়্যারের পাসওয়ার্ড ও ইউজার আইডি সংরক্ষণ করবেন, মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে যোগাযোগের বিষয়ে সমন্বয়কের দায়িত্ব পালন করবেন এবং এপিএ সংশ্লিষ্ট তথ্যাদি ওয়েবসাইটে হালনাগাদ থাকার বিষয়টি নিশ্চিত করবেন।

০৬। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

০৬/০৫/২৩


(মোঃ একরামুল হক শামীম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫২২২ (অ:)
ই-মেইল:section8.justice@gmail.com


কার্যার্থে ও জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গণি রোড, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
২। যুগ্মসচিব (বাজেট ও উন্নয়ন), আইন ও বিচার বিভাগ।
৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
৪। উপসচিব (প্রশাসন-১/প্রশাসন-২/রেজিস্ট্রেশন/মতামত-১/মতামত-৪/পরিকল্পনা/বাজেট), আইন ও বিচার বিভাগ।
৫। উপসলিসিটর (প্রশাসন), সলিসিটর অনুবিভাগ।
৬। পরিচালক, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫ কলেজ রোড, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৮। সিনিয়র সহকারী সচিব (বাজেট-১/বিচার শাখা-৮), আইন ও বিচার বিভাগ।
৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। অফিস কপি।